গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.pressinform.gov.bd

**বিষয় : ০৭.০২.২০২২ তারিখ অনুষ্ঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো. আবদুল জলিল, সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড লিয়াজোঁ), তথ্য অধিদফতর, ঢাকা।
তারিখ : ০৭.০২.২০২২ খ্রি.
সময় : সকাল ১১.৩০ টায়
স্থান : সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড লিয়াজোঁ) মহোদয়ের অফিসকক্ষ, তথ্য অধিদফতর।

ইনোভেশন অফিসার ও তথ্য অধিদফতরের সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড লিয়োজোঁ) মহোদয় তাঁর অফিসকক্ষে উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পুনর্গঠিত ইনোভেশন টিমের 'ইনোভেশন অফিসার' হিসেবে মনোনীত হওয়ায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ সভাপতি মহোদয়কে অভিনন্দন জানান।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব ও তথ্য অফিসার (প্রোটকল) জনাব আশরোফা ইমদাদ ২০২১-২০২২ অর্থবছরের জন্য গৃহীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আলোকে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি উপস্থাপন করেন। অতঃপর সর্বশেষ অগ্রগতি পর্যালোচনা এবং বর্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে লক্ষ্যমাত্রা পূরণে ইনোভেশন টিমের সদস্যগণ দফাওয়ারি আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র. ন. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ২০২১-২০২২ অর্থবছরে এপিএ চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত হওয়ায় বিষয়টি কার্যবিবরণী থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিমের সদস্য-সচিব |
| ০২ | সেবা সহজিকরণ | জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রতিদিনের গুরুত্বপূর্ণ সংবাদের ওপর ভিত্তি করে প্রেসট্রেন্ড বা সংবাদ গতিধারা অনলাইনে প্রস্তুত এবং অনলাইনে প্রেরণের মাধ্যমে চলমান সেবা সহজিকরণ কার্যক্রম জোরদারের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং)/ মিডিয়া সেন্টার |
| ০৩ | সেবা ডিজিটাইজেশন | পেপার ক্লিপিংস ডিজিটালাইজেশন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সি. উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং)/মিডিয়া সেন্টার |
| ০৪ | ই-নথির ব্যবহার বৃদ্ধির | অধিদফতরের সকল শাখা প্রধানকে ই-নথি ব্যবহার বৃদ্ধির বিষয়ে তদারকি জোরদারের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়। মিডিয়া সেন্টার ও মনিটরিং শাখা থেকে আর্কাইভে সংরক্ষণের জন্য প্রতিদিনের স্ক্যান পেপার ক্লিপিংস সপ্তাহান্তে ই-নথিতে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শাখা প্রধান ও উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং)/মিডিয়া সেন্টার |
| ০৫ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | ২০২১-২০২২ অর্থবছরে এপিএ চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় বিষয়ে ৩য় সভা/কর্মশালা আগামী ১৬ মার্চ, ২০২২ অথবা ২১ মার্চ, ২০২২ খ্রি. আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল ও লিয়াজোঁ) এবং ওয়েব এডমিন |

চলমান পাতা/০২

| | | | |
|---|---|---|---|
| ০৬ | প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশ | সদ্য প্রকাশিত 'পিআইডি টেলিফোন গাইড ২০২১' পুস্তকটির সফটকপি তথ্য অধিদফতরের ওয়েবসাইটে ০৭ মার্চ, ২০২২ তারিখের মধ্যে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ওয়েব এডমিন সদর দপ্তর/মিডিয়া সেন্টার |
| ০৭ | প্রশিক্ষণ আয়োজন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন বিষয়ে তথ্য অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীদের সরাসরি এবং আঞ্চলিক তথ্য অফিসের প্রধানদের ভার্চুয়ালি অংশগ্রহণে ০৭ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রশিক্ষণ সম্পন্নের সিদ্ধান্ত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)/প্রশাসন শাখা |
| ০৮ | উদ্ভাবন ও গবেষণা খাতে অর্থ ব্যয় | উদ্ভাবন ও সৃজনশীল চিন্তা বাস্তবায়নের মাধ্যমে তথ্য অধিদফতরের সেবা কার্যক্রম আরও জনবান্ধব করার লক্ষ্যে দপ্তরের সার্বিক কার্যক্রম আধুনিকায়নের রূপরেখার ওপর একটি 'কনসেপ্ট পেপার' তৈরি, মতামত গ্রহণে স্টেকহোল্ডার মিটিং আয়োজন এবং একটি গুরুত্বপূর্ণ সেবার অটোমেশন প্রক্রিয়া ডেমোস্ট্রেশন কাজে উদ্ভাবন ও গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের মতামত ব্যক্ত করা হয়। | ইনোভেশন অফিসার, সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) ও সদস্য সচিব |
| ০৯ | বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন | প্রধান তথ্য অফিসার মহোদয়ের অনুমোদনক্রমে ৩০ মার্চ, ২০২২ অথবা ৩১ মার্চ, ২০২২ তারিখে যশোর অথবা গাজীপুরে একটি হাইটেক পার্ক পরিদর্শনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) |

সভাপতি মহোদয় ই-গভার্ন্যান্স ও ইনোভেশন টিমের ২য় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখায় ইনোভেশন টিমের সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। আর কোনো আলোচ্যসূচি না থাকায় তিনি উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

০৯/০২/২০২২

মো. আবদুল জলিল
সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল ও লিয়াজোঁ)
ও
ইনোভেশন অফিসার
ফোন : ৯৫৪৯০৯৫

নম্বর. ১৫.৫২.০০০০.০১১.১৬.১৯৭.১৮(অংশ-৮).-৫০৫ তারিখ : ০৯.০২.২০২২ খ্রি.

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি/প্রোটকল এন্ড লিয়াজোঁ/মনিটরিং), তথ্য অধিদফতর, ঢাকা।
০৩। উপসচিব (প্রশাসন-৪ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপপ্রধান তথ্য অফিসার (সকল), তথ্য অধিদফতর, ঢাকা।
০৫। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ।
০৬। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয় ও বিতরণ/প্রেসট্রেন্ড), তথ্য অধিদফতর, ঢাকা।
০৭। জনাব আশরোফা ইমদাদ, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অফিসার (প্রোটকল), তথ্য অধিদফতর, ঢাকা।
০৮। গাজী শরীফা ইয়াছমিন, তথ্য অফিসার ও ওয়েব অ্যাডমিন, তথ্য অধিদফতর, ঢাকা।
০৯। তথ্য অফিসার (ক্লিপিংস), তথ্য অধিদফতর, ঢাকা।
১০। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ ও বিতরণ কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
১১। সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা।
১২। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
১৩। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
১৪। সংশ্লিষ্ট নথি। ।